

**3 (Sem-1/CBCS) BEN-AE**

**2 0 1 9**

**BENGALI**

**( MIL Communication )**

**Paper : BEN-AE-1014**

**Full Marks : 80**

**Time : 3 hours**

*The figures in the margin indicate full marks  
for the questions*

১। বিকল্প সমন্বিত প্রশ্নের শুদ্ধ উত্তরটি নির্বাচন করো :  $1 \times 12 = 12$

(ক) কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বাংলা বানান সংস্কার সমিতির সভাপতি কে ছিলেন ?

রবীন্দ্রনাথ ঠাকুর / সুনীতিকুমার চট্টোপাধ্যায় /  
রাজশেখর বসু / খগেন্দ্রনাথ মিত্র

(খ) 'মরু + উদ্যান' সন্ধির শুদ্ধ রূপটি নির্ণয় করো :

মরুদ্যান / মরু-উদ্যান / মরোদ্যান / মরাদ্যান

( 2 )

(গ) বানানের শুদ্ধ রূপটি নির্ণয় করো :

শিরচ্ছেদ / শিরোচ্ছেদ / শিরশ্ছেদ / শিরোচ্ছেদ

(ঘ) 'যাচ্ছেতাই' শব্দের সন্ধি বিচ্ছেদ করো :

যাচ্ছে + তাই / যা + ইচ্ছে + তাই / যা + ইচ্ছা +  
তাই / যাচ্ছে + তা + ই

(ঙ) কোন্ বিধি অনুযায়ী প্র, পরি ইত্যাদির পরে 'নাম'  
থাকলে, তা 'গাম' হয়ে যায় ?

ব্যঞ্জনসন্ধি / মূর্ধন্যাভবন / গম্ববিধি / উপসর্গযোগে  
শব্দ গঠন

(চ) 'প্রবেশ'-এর বিপরীতার্থক শব্দ লেখো :

প্রস্থান / অনুপ্রবেশ / অভ্যন্তর / নিবেশ

(ছ) সমোচ্চারিত ভিন্নার্থক শব্দ 'সারদা' এবং 'সারদা'র মধ্যে  
'সারদা' শব্দের অর্থ কী ?

দুর্গা / সরস্বতী / শরৎকাল / সার পদার্থ

( 3 )

(জ) নিম্নরেখ পদের কারক-বিভক্তি নির্ণয় করো :

দুশে মিলি করি কাজ/হারি জিতি নাহি লাজ।

কর্মকারকে 'প্রথমা' বিভক্তি / কর্তৃকারকে 'শূন্য'  
বিভক্তি / করণকারকে 'এ' বিভক্তি / কর্তৃকারকে  
'প্রথমা' বিভক্তি

(ঝ) Installment-এর বাণিজ্যিক পরিভাষা নির্ণয় করো :

স্থাপন / কিস্তি / বন্ধ করা / দোকান দেওয়া

(ঞ) সংবাদপত্রে প্রকাশিত নীচের কোন্ বিজ্ঞাপনটি 'বাণিজ্যিক  
বিজ্ঞাপন'এর অন্তর্গত ?

বন্ধুর জন্মদিনে বন্ধুর শুভেচ্ছা বার্তা / দুর্যোগ  
প্রশমনের নিয়মাবলি / নতুন মডেলের গাড়ির  
কার্যদক্ষতার গুণাবলি / নেতাজি জয়ন্তীতে মুখ্যমন্ত্রীর  
শ্রদ্ধার্ঘ্য

(ট) নীচের কোনটি 'বাণিজ্যিকপত্র'এর উদাহরণ তা নির্ণয়  
করো :

মা-কে লেখা মেয়ের পত্র / কোনো কোম্পানির  
কর্তৃপক্ষকে লেখা কোনো গ্রাহকের অভিযোগপত্র /  
কোনো বাণিজ্যিক প্রতিষ্ঠানের সাধারণ কর্মচারীদের  
লেখা পরিচালক-প্রধানের পত্র / দুই বাণিজ্যিক  
প্রতিষ্ঠানের মধ্যে কাঁচামাল ক্রয়বিক্রয়-সংক্রান্ত পত্র

( 4 )

(ঠ) বাণিজ্যিক বিজ্ঞাপনের একটি সুফল হলো—বাণিজ্যিক বিজ্ঞাপনে জনপ্রিয় অভিনেতা-অভিনেত্রীদের দেখা যায় / পণ্যদ্রব্যের গুণাবলি এবং কার্যকারিতা জানা যায় / দেশের রাজনীতির খবর জানা যায় / বাণিজ্যিক বিজ্ঞাপন দুই দেশের মধ্যে বাণিজ্যিক সম্পর্ককে সুদৃঢ় করে।

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৯=১৮

(ক) পূর্বতন 'বান্দালা' বানানের স্থানে কলিকাতা বিশ্ববিদ্যালয় বাংলা বানান সংস্কার সমিতি কোন্ কোন্ দুটি বানানের পোষকতা করেছিল ?

(খ) একই '√সেব' যোগে গঠিত 'সেবা' এবং 'পরিষেবা' শব্দের বানানের ক্ষেত্রে পার্থক্য লক্ষ্য করা যায় কেন? কারণ উল্লেখ করো।

(গ) শত + এক = শতক এবং মিশি + কালো = মিশকালো—বাংলা সন্ধি দুটির সূত্র উল্লেখ করো।

(ঘ) গল্পবিধি অনুসারে কোনটি শুদ্ধ 'হরিনাম', না 'হরিণাম'? কেন?

(ঙ) 'শরীর' শব্দের দুটি সমার্থক শব্দ উল্লেখ করো।

( 5 )

(চ) 'অলস' শব্দের দুটি বিপরীতার্থক শব্দ লেখো।

(ছ) नीচের যে কোনো দুটি বাণিজ্যিক পরিভাষা দিয়ে বাক্য রচনা করো:

বাজারদর, বন্ধক, মন্দা, উপজাত

(জ) বাণিজ্যিকপত্রের যে কোনো দুটি প্রয়োজনীয়তা বা গুরুত্বের উল্লেখ করো।

(ঝ) বাণিজ্যিক বিজ্ঞাপনের সংজ্ঞা নির্ণয় করো।

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

(ক) বাগধারার অন্তর্গত 'মাথা' অথবা 'চোখ' বিশেষ্য পদের বিশিষ্ট ব্যবহারে যে ভিন্ন ভিন্ন তাৎপর্য ফুটে ওঠে সে সম্বন্ধে একটি পর্যালোচনা প্রস্তুত করো।

(খ) অশুদ্ধি সংশোধন করো :

ইতিমধ্যে, বাঙ্গালিকি, প্রতিযোগীতা, মধুসুদন, ব্যাপ্ত

(গ) সমার্থক শব্দ কাকে বলা হয়? দৃষ্টান্ত সহযোগে আলোচনা করো।

( 6 )

(ঘ) 'বিজ্ঞাপন' (Advertisement) এবং 'প্রচার' (Publicity)-এর পার্থক্য কী, সংক্ষেপে আলোচনা করো।

(ঙ) প্রতিবেদন রচনা কাকে বলে? প্রতিবেদন রচনার ক্ষেত্রে প্রধান প্রধান উল্লেখনীয় বিষয় সম্বন্ধে আলোচনা করো।

৪। (ক) উপযুক্ত উদাহরণ সহযোগে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বাংলা বানানবিধি সম্বন্ধে আলোচনা করো। ১০

অথবা

(খ) উদাহরণসহ বাংলা ব্যঞ্জনসম্বন্ধের নিয়মাবলি উল্লেখ করো।

৫। (ক) 'গত্ববিধি' বলতে কী বোঝায়? উদাহরণসহ 'গত্ববিধি'র নিয়মাবলি উল্লেখ করো। ২+৮=১০

অথবা

(খ) কারক বিভক্তি কাকে বলে? সাধারণত কোন কারকে কোন বিভক্তি যুক্ত হয় তা দৃষ্টান্তসহ আলোচনা করো। ২+৮=১০

৬। (ক) কোনো এক কাল্পনিক মোটরগাড়ি নির্মাণ সংস্থা তাদের তিনটি বিদীষ্ট মডেলের গাড়ির জন্য ১৫,০০০ করে মোট ৪৫,০০০ টায়ার ক্রেয়ের জন্য টায়ার নির্মাতা এক সংস্থার কাছ থেকে মূল্যজ্ঞাপনপত্র আহ্বান করে। এ সম্বন্ধে এক বাণিজ্যিকপত্র রচনা করো। ১০

20A/549

( Continued )

( 7 )

অথবা

(খ) যে কোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো :

(১) বেকার সমস্যা সমাধানের উপায় হিসেবে অসমের পর্যটন শিল্পের বিকাশ

(২) মহাকাশ অভিযানে ভারতের সাফল্য

(৩) গ্রহপাঠের উপকারিতা

\*\*\*

20A-10\*/549

3 (Sem-1/CBCS) BEN-AE